**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**

স্মারক নং- ১ই-৬৬/২০১৬- ৬১৮৪ (১২) জি, তারিখঃ ২৮/০৪/২০১৬ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক আয়োজিত সভা, সেমিনার, সম্মেলন, কর্মশালায় বিচার বিভাগীয় কর্মকর্তাগণের অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) ১০.০০.০০০০.১২৬.২০.০১১.১৫-৫৭৮, তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রি., আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(২) ১০.০০.০০০০.১২৬.২০.০৩১.১২-৫৭৭, তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রি., আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রের তিনটি অঙ্গের অন্যতম বিচার বিভাগ। বাংলাদেশ সুপ্রীম কোর্ট বিচার বিভাগের সর্বোচ্চ প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১০৯ অনুচ্ছেদে দেশের অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের উপর বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের নিরংকুশ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা নিশ্চিত করা হয়েছে।

অধস্তন আদালতের বিচারকদের সমন্বয়ে গঠিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন, কাঠামোগত এবং কার্যাবলী বিবেচনায় রাষ্ট্রের অপরাপর সার্ভিস থেকে স্বতন্ত্র ও পৃথক। এই সার্ভিস বা এই সার্ভিসের সদস্যগণকে প্রজাতন্ত্রের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী বা সার্ভিসের সাথে একইভাবে বিবেচনার বা নিয়ন্ত্রণের কোনো আইনগত সুযোগ নেই। কারণ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এবং সর্বোচ্চ আদালতের রায়ে জুডিসিয়াল সার্ভিস ও সার্ভিসের সদস্যগণের উপর সুপ্রীম কোর্টের নিরংকুশ নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব নিশ্চিত করা হয়েছে। বাংলাদেশের সর্বোচ্চ আদালত সিভিল আপীল নং-৭৯/১৯৯৯ [Secretary, Ministry of Finance Vs Md. Masdar Hossain and others, 52 DLR (AD) 82] মামলায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের স্বাতন্ত্র্যের বিষয়ে সুনির্দিষ্টভাবে সিদ্ধান্ত প্রদান করেছেন যে, "It is declared that the judicial service is a service of the Republic within the meaning of Article 152(1) of the Constitution, but it is a functionally and structurally distinct and separate service from the civil executive and administrative services of the Republic with which the judicial service cannot be placed on per on any account and that it cannot be amalgamated, abolished, replaced, mixed up and tied together with the civil executive and administrative services."

বর্তমান গণতান্ত্রিক সরকারের 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের ধারাবাহিকতায় ডিজিটাল বিচার বিভাগ বিনির্মাণের লক্ষ্যে মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সদয় অভিপ্রায় ও নির্দেশনায় বাংলাদেশ সুপ্রীম কোর্টসহ অধস্তন আদালতসমূহ ডিজিটাইজেশনের মাধ্যমে e-Judiciary প্রতিষ্ঠার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন Access to Information Program (a2i) শীর্ষক প্রকল্প এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে e-Judiciary প্রকল্পে বিচার বিভাগকে অন্তর্ভুক্ত করা হয়েছে। আরো একাধিক কারিগরী/উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়াও বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক Criminal Rules and Orders, Civil Rules and Orders এবং বিচার বিভাগীয় কর্মকর্তাদের মামলা নিষ্পত্তি ও প্রশাসনিক কাজের মান নির্ধারণ সংক্রান্ত নীতিমালা সংশোধনসহ এতদ্‌সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের মাধ্যমে অধস্তন বিচার বিভাগের সামগ্রিক সক্ষমতা আরো বৃদ্ধির প্রয়োজনে প্রায়ই অধস্তন আদালতের বিচারকগণকে সুপ্রীম কোর্টের বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালা ও সম্মেলনে অংশগ্রহণের প্রয়োজন হয়। বিচার বিভাগ সংশ্লিষ্টতায় সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির সফল বাস্তবায়নে সহযাত্রী হিসাবে প্রয়োজনীয় সহায়তার নিমিত্ত বর্ণিত সভা, সেমিনার, কর্মশালা ও সম্মেলন আয়োজন করা হয় বিধায় এতে সকল কর্তৃপক্ষের সার্বিক সহায়তা একান্তভাবে কাম্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১০৯ অনুচ্ছেদে দেশের অধস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের উপর বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের যে নিরংকুশ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা নিশ্চিত করা হয়েছে, তার মধ্যে আবশ্যিকভাবে সকল প্রকার প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য নিয়ন্ত্রণ-ক্ষমতা অন্তর্ভুক্ত রয়েছে। বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক আয়োজিত সকল সভা, সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ, সম্মেলন ইত্যাদি সরকারি অনুষ্ঠান হিসাবে গণ্য বিধায়, এরূপ অনুষ্ঠানে আগত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের টি,এ/ডি,এ বিল উপস্থাপনে বা সরকারি গাড়ী ব্যবহারে যে কোনোরূপ বিধি-নিষেধ আরোপ অনাকাঙ্খিত ও অগ্রহণযোগ্য। সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত আদেশ

যথাযথভাবে বাস্তবায়ন এবং বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষের দায়িত্ব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১১২ অনুচ্ছেদ অনুযায়ী প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টকে সহায়তা করবেন বিধায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক আয়োজিত সকল সভা, সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ, সম্মেলন ইত্যাদি সুষ্ঠু বাস্তবায়নে যে কোনরূপ অসহযোগিতা বা শর্ত ও বিধি-নিষেধ আরোপ করা হতে বিরত থাকাসহ সার্বিক সহায়তা করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

স্বাঃ

(মো'তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৫৫৮২৬৪০
E-mail: motasim_ar@supremecourt.gov.bd

সচিব
আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১ই-৬৬/২০১৬-

তারিখঃ ২৮/০৪/২০১৬ খ্রি.

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১।জেলা জজ, ................................................................................................ (সকল)
২। মহানগর দায়রা জজ, ................................................................................ (সকল)
৩। বিভাগীয় বিশেষ জজ,...............................................................................(সকল)
৪। বিশেষ জজ,...............................................................................................(সকল)
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.................................... (সকল)
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.......................... (সকল)
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল.................................................... (সকল)
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল.......................................................(সকল)
১০। সদস্য (জেলা জজ), শ্রম অপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম অদালত.............................................................(সকল)
১২। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ অদালত................................................(সকল)
১৩। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত................................................ (সকল)
১৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট অপীলেট ট্রাইব্যুনাল..... ..............................(সকল)
১৫। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৮। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
১৯। যুগ্ম-সচিব, বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট............................................ .....(সকল)
২১। উপ-সচিব (বাজেট), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।

২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। বিভাগীয়/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা...................................................................... ......(সকল)

২৬। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

২৭। গবেষণা ও তথ্য কর্মকর্তা, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (যথা নিয়মে সংরক্ষণের অনুরোধসহ)।

২৮। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২৯। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০। অফিস কপি/গার্ড ফাইল।

28.04.16

(মো' তাছিম বিল্যাহ)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)